মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৬/০১/২০২০ ইং তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. পৌরসভার মধ্যে অবস্থিত পৌর গড় পুকুর সংস্কার ও পরিস্কার করণ প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুবু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/১২/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
পৌরসভার মধ্যে অবস্থিত পৌর গড় পুকুর সংস্কার ও পরিস্কার করণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভায় ৬ নং ওয়ার্ডে অবস্থিত ঐতিহাসিক গড় পুকুর অবস্থিত। দির্ঘ দিন ধরে এই পুকুরে মেহেরপুরের বিভিন্ন এলাকার নারীগণ তাদের দৈন্দিন কাজ করেন। কিন্তু বিগত দিনে পুকুরটি লিজ দেওয়ার কারণে পুকুরে বিভিন্ন ওষুধ ও খাবার দেওয়াতে পানি নষ্ঠ হয়ে গেছে। এখানে স্বাভাবিক কাজ করা যাচ্ছেনা । পুকুরটির পানি পরিস্কার সহ এটি সংস্কার করা অতিব জরুরী হয়ে পড়েছে। এ ব্যাপারে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করা হয়। এ বিষয়ে মেয়র মহোদয় সভায় বলেন, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। তিনি জানান, গড় পুকুরটি বিগত পৌর পরিষদের সময় লিজ দেওয়া ছিল এবং এটি জনসাধারনের ব্যবহারের অনুপোযোগী করে রাখা	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য এ ব্যাপারে কাজ করবেন।

	ছিল। বর্তমান পরিষদ দায়িত্ব নেওয়ার পরে পুকুরটি লিজ মুক্ত করা হয় এবং জনসাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। তিনি আরোও বলেন, এলাকার নারী/পুরুষদের গোসল সহ পারিবারিক নানা কাজে পুকুরের পানি ব্যবহৃত হয়ে থাকে বিধায় দ্রুত এটির পানি পরিবর্তন সহ প্রয়োজনীয় সংস্কার করা হবে। তিনি এ বিষয়ে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সকল সদস্যের সার্বিক সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	জনাব মোছাঃ শিউলী খাতুন, কাউন্সিলর, ৭,৮ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত), মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, গড় পুকুরটি অত্র এলাকার মানুষের বিনোদনের একটি কেন্দ্র করার কথা। এছাড়া গড় পুকুরে মাছ চাষ করলে তা এলাকার মানুষের আমিষের চাহিদা পুরণ হবে। তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন এ ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করা হবে কিনা? মেয়র মহোদয় বলেন, গড় পুকুরকে কেন্দ্র করে একটি আধুনিক বিনোদন কেন্দ্র করার জন্য ইতি মধ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ইউজিআইআইপি-৩ প্রকল্পের মাধ্যমে গড় পুকুরকে কেন্দ্র করে আধুনিক বিনোদন কেন্দ্র স্থাপন করা হবে। এছাড়া গড় পুকুরে মাছের পোনাও দেওয়া হবে। তিনি এ ব্যাপারে সংশ্লিষ্ঠ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

হামিদা

(হামিদা)
মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৬/০১/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা-কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	[signature]
২	জনাবা ~~[illegible]~~ মোছা: আলফালা খাতুন	মহিলা কাউন্সিলর ১,২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	[signature] ২৬/০১/২০
৮	মোঃ আমিনুল ইসলাম	LEDA (UGIIP-3)	[signature]
৯			